রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৪।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২৯ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং-৬৯-আইন/২০১৭।**—ঢাকাস্থ মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ (যা বিশেষ জজ আদালত নং-৩, ঢাকা এ বিশেষ মামলা নং- ০৩/২০১০ হিসাবে বিচারাধীন ছিল), যা রমনা মডেল থানা মামলা নং-৮, তারিখ ০৩-০৭-২০০৮, Section 409, 109 of Penal Code এবং Prevention of Corruption Act, 1947 under section 5(2) যা জিয়া অরফানেজ ট্রাস্টের টাকা আত্মসাৎ সংক্রান্ত, মেট্রোপলিটন দায়রা জজ আদালত ভবনে অবস্থিত মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা এ বিচারাধীন; উক্ত ভবনে বহু সংখ্যক আদালতের বিচার কার্যক্রম পরিচালিত হওয়ায় উক্ত ভবন এবং এলাকাটি আদালত চলাকালীন সময়ে জনাকীর্ণ থাকে। বিধায়, নিরাপত্তা জনিত কারণে Code of Criminal Procedure, 1898(Act.V of 1898) এর Section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ, ঢাকা এ বিচারাধীন মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ এর বিচারকার্যক্রম পরিচালনা করার জন্য ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারী আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত ভবনটিকে (যাহা বিডিআর হত্যাকান্ড মামলার অস্থায়ী আদালত ছিল) অস্থায়ী আদালত হিসেবে ঘোষণা করিল এবং এতদ্দ্বারা নির্দেশ প্রদান করিল যে, মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ, ঢাকা এ বিচারাধীন মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯ এর বিচারকার্যক্রম ঢাকা মহানগরের বকশীবাজার এলাকার সরকারী আলীয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত উক্ত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিকাশ কুমার সাহা**
যুগ্ম-সচিব(প্রশাসন-১)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০